**(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত)**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

নং ৪১.০৩.০০০০.০০০.০৮১.৩২(৯).০৭৯.২৬.১৪৭৯

তারিখ : ০১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

বিষয়: ২০২৬-২০২৭ অর্থবছরের নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহের **অনলাইনে আবেদনের লিংক সংশোধন।**

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহের অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে 'দৈনিক মানব জমিন, দৈনিক আমার দেশ, দৈনিক দিনকাল এবং ডেইলি নিউ এজ' পত্রিকায় ১৫.০৭.২০২৬ তারিখ রোজ বুধবার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। অনুদান প্রদান সম্পর্কিত নিয়মাবলি নিম্নরূপ:

২. অনুদান প্রাপ্তির জন্য আগ্রহী সংগঠনসমূহকে **অনলাইনে আবেদন করতে হবে**, আবেদনের **সংশোধিত লিংকসহ** বিস্তারিত তথ্য নিম্নরূপ:

| ক্র. নং | সংগঠনের ধরন | আবেদন ফি | যে লিংকে গিয়ে আবেদনকারী অনলাইনে আবেদন করতে পারবেন **(সংশোধিত লিংক)** | কারিগরি সহায়তার জন্য যোগাযোগ |
|---|---|---|---|---|
| ক. | জাতীয় সংগঠনকে অনুদান (বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক জাতীয় সংগঠন হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত) | ৫০০/-(পাঁচশত) টাকা (অনলাইন পেমেন্ট) | https://mswservices.gov.bd/portal/jatio-porjaye | ০১৯৬৬-২৪৯২২৫<br>০১৬৮৬-৭৬১৯১৭ |
| খ. | স্বেচ্ছাসেবী সংগঠনকে অনুদান (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত) | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | https://mswservices.gov.bd/portal/voluntary-social-welfare-institutions | |
| গ. | রোগীকল্যাণ সমিতিকে অনুদান | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | https://mswservices.gov.bd/portal/rugikollan | |
| ঘ. | সমন্বয় পরিষদ (ইউসিডি) কে অনুদান | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | https://mswservices.gov.bd/portal/ucd | |
| ঙ. | অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতিকে অনুদান | ১০০/-(একশত) টাকা (অনলাইন পেমেন্ট) | https://mswservices.gov.bd/portal/oporadhi | |

৩. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ওয়েবসাইটে **(www.bnswc.gov.bd)** প্রবেশ করে নির্ধারিত ফরম্যাট এ সকল তথ্য পূরণ এবং আবেদন ফি অনলাইনের পরিশোধপূর্বক আবেদন চূড়ান্তভাবে দাখিল করতে হবে।

৪. অনলাইনে স্বেচ্ছাসেবী সংগঠন আবেদনের সময়সীমা এবং উপজেলা ও জেলা সমাজকল্যাণ কমিটি থেকে পরিষদ কার্যালয় অনলাইনে আবেদন প্রেরণের সময়সীমা :

| | | |
|---|---|---|
| ১. | স্বেচ্ছাসেবী সংগঠনের অনলাইন আবেদনের শেষ সময় | ৩১ আগস্ট, ২০২৬ |
| ২. | উপজেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক যাচাই-বাছাইকৃত আবেদন অনলাইনে জেলা সমাজকল্যাণ কমিটির নিকট প্রেরণ | ৩০ সেপ্টেম্বর, ২০২৬ |
| ৩. | জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদন পরিষদ কার্যলয়ে প্রেরণ | ৩০ অক্টোবর, ২০২৬ |

৫. সংশ্লিষ্ট সংগঠনসমূহকে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অনলাইনে আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহনযোগ্য হবে না।

ফেরদৌস ২৬/০৭/২৬
শামীমা ফেরদৌস
নির্বাহী সচিব(যুগ্মসচিব)
ফোন: +৮৮০২-৪১০৩৩৪৪৮
ইমেইল: bnswcbd@gmail.com

উপপরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
ও
সদস্য-সচিব, জেলা সমাজকল্যাণ কমিটি
...................................................

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
২. জেলা প্রশসাক ও সভাপতি, জেলা সমাজকল্যাণ কমিটি.................................................
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (মাননীয় মান্ত্রীর সদয় জ্ঞাতার্থে)
৪. মাননীয় প্রতিমন্ত্রী একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (মাননীয় প্রতিমন্ত্রী সদয় জ্ঞাতার্থে)
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৬. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ................. বিভাগ, ................. [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও সদস্য-সচিব, জেলা সমাজকল্যাণ কমিটি, ................ **(নির্ধারিত সময়ে সকল কার্যক্রম সম্পন্নপূর্বক অনলাইনে পূর্ণাঙ্গ আবেদনপত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**
৮. কম্পিউটার/ডাটা এন্ট্রি অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ (বিজ্ঞপ্তিসহ পত্রটি পরিষদের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)